

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

বিআইডব্লিউটিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ বৈশাখ ১৪১১বাং/২৯ এপ্রিল ২০০৮ইং

এস, আর, ও নং ১১৫-আইন/২০০৮—Ports Act, 1908 (Act XV of 1908), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section 1 (a) এবং (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলে বর্ণিত সীমানা সম্বলিত মীরকাদিম (মুঙ্গীগঞ্জ) নদী বন্দরের ক্ষেত্রে উক্ত আইন প্রয়োগ করিল, যথা :—

তফসিল

(১) উত্তর সীমানা : বিজিমাউথের নিকট বুড়িগংগা নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর  $৯০^{\circ}-২৭'-২৬''$  পূর্ব দ্রাঘিমাংশ;

(২) দক্ষিণ সীমানা : চরহোগলার নিকটে ধলেশ্বরী নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর  $৯০^{\circ}-৩৩'-৩০''$  পূর্ব দ্রাঘিমাংশ;

(৩) বর্ণিত উত্তর ও দক্ষিণ সীমানার (limit) মধ্যে প্রবাহিত বুড়িগংগা ও ধলেশ্বরী নদীর উভয় পাড়ে/তীরে সাধারণ ভরাকটাল জোয়ারে (ordinary spring tide) প্রাবিত সর্বোচ্চ জলসীমা হইতে স্থলভাগের দিকে ৫০ গজ পর্যন্ত এবং গোপচরের নিকট শীতলক্ষ্যা নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর  $৯০^{\circ}-৩২'-১৬''$  পূর্ব দ্রাঘিমাংশ নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল জোয়ারে (ordinary spring tide) প্রাবিত সর্বোচ্চ জলসীমা হইতে স্থলভাগের দিকে ৫০ গজ পর্যন্ত;

( ২৫৪৯ )

মূল্য : টাকা ১.০০

(৪) ধলেশ্বরী নদী হইতে বেতকা লঞ্চ ঘাটের নিকট ইছামতি নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর  $৯০^{\circ}-২৭'-৩০''$  পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত নদীর উভয় তীরে সাধারণ ভরাকাটাল (ordinary spring tide) জোয়ারে প্রাবিত সর্বোচ্চ জলসীমা হইতে স্থলভাগের দিকে ৫০ গজ পর্যন্ত;

(৫) ধলেশ্বরী নদীর আড়াআড়ি উত্তর দক্ষিণ বরাবর  $৯০^{\circ}-২৭'-০০''$  পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত নদীর উভয় তীরে সাধারণ ভরাকাটাল (ordinary spring tide) জোয়ারে প্রাবিত সর্বোচ্চ জলসীমা হইতে স্থলভাগের দিকে ৫০ গজ পর্যন্ত।

রষ্ট্রেপতির আদেশক্রমে

মানিক চন্দ্র দে

সিনিয়র সহকারী সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।